২৮৮. হৃদপেশিগুলো কেমন? (উচ্চতর দক্ষতা)	
K শাখান্বিত, আড়াআড়ি দাগকাটা এবং ঐচ্ছিক	
L মসৃণ, সরু লম্বা এবং অনৈচ্ছিক	
M দাগকাটা, নলাকার এবং ঐচ্ছিক	
● শাখান্বিত, আড়াআড়ি দাগকাটা এবং অনৈচ্ছিক	
২৮৯. কোন পেশির সংকোচন ও প্রসারণ মৃত্যু পর্যন্ত চলতে থাকে? (জ্ঞান)	
K ডেরাকোপেশি	L ডেরাবিহীন পেশি
● হৃদপেশি	N চোখের পেশি
২৯০. নিচের কোনটি টিসু? (অনুধাবন)	
K বৃক্ক	● রক্ত
M ডিম্বাশয়	N ফুসফুস

❖ ❖ ❖ বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৯১. বৃক্কের বোম্যানস ক্যাপসুল প্রাচীর গঠনকারী আবরণী কলার অন্যতম কাজ—			
i. পরিশোধন			
ii. পরিবহন			
iii. ছাঁকন			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K i ও ii	● i ও iii	M ii ও iii	N i, ii ও iii
২৯২. মেম্ব্রান প্রাণীদের ত্বকের আবরণী টিসুগুলো—			
i. কিউবয়ডাল			
ii. কলামনার			
iii. স্ট্র্যাটিফাইড			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K ii	● iii	M i ও ii	N i ও iii
২৯৩. মসৃণ পেশিতন্তুর বৈশিষ্ট্য—			
i. মাকু আকৃতির ও শাখাবিহীন			
ii. অনৈচ্ছিক ও একনিউক্লিয়াসযুক্ত			
iii. ঐচ্ছিক ও ডেরাকোটা			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
● i ও ii	L i ও iii	M ii ও iii	N i, ii ও iii
২৯৪. স্নায়ু টিসুর নিউরন বিভাজিত হতে পারে না কারণ—			
i. এটি সংবেদী কোষ			
ii. এর সেন্দ্রিওল নেই			
iii. এর স্পিন্ডল তন্তু গঠিত হয় না			
নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)			
K i ও ii	L i ও iii	● ii ও iii	N i, ii ও iii
২৯৫. রক্ত গঠনকারী কোষ—			
i. এরিস্থোসাইট			
ii. লিউকোসাইট			
iii. থ্রম্বোসাইট			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K i ও ii	L i ও iii	M ii ও iii	● i, ii ও iii
২৯৬. রক্তের গুরুত্বপূর্ণ কাজ—			
i. অক্সিজেন সরবরাহ			

ii. দেহের প্রতিরক্ষায় অংশ নেয়া			
iii. দেহের অভ্যন্তরীণ পরিবহনে অংশ নেয়া			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K i ও ii	L i ও iii	M ii ও iii	● i, ii ও iii
২৯৭. পেশি টিসুর কাজ—			
i. অঙ্গ সঞ্চালন করা			
ii. চলনে সহায়তা করা			
iii. রক্ত সঞ্চালনে অংশ নেয়া			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K i ও ii	L i ও iii	M ii ও iii	● i, ii ও iii
২৯৮. হৃৎপিণ্ডের পেশি—			
i. ঐচ্ছিক পেশি			
ii. অনৈচ্ছিক পেশি			
iii. হৃদপেশি			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K i ও ii	L i ও iii	● ii ও iii	N i, ii ও iii
২৯৯. হৃৎপিণ্ডের পেশির বৈশিষ্ট্য—			
i. কোষগুলো নলাকৃতি			
ii. কোষগুলোর মধ্যে নিবেশিত ফলক থাকে			
iii. কোষগুলো আড়াআড়ি দাগযুক্ত			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K i ও ii	L i ও iii	M ii ও iii	● i, ii ও iii
৩০০. রক্তরসে থাকে—			
i. প্রোটিন			
ii. জৈব পদার্থ			
iii. বর্জ্য পদার্থ			
নিচের কোনটি সঠিক? (অনুধাবন)			
K i ও ii	L i ও iii	M ii ও iii	● i, ii ও iii
৩০১. লসিকাতন্ত্রের নালিগুলো—			
i. টিসুমধ্যবর্তী জলীয় পদার্থ সংগ্রহ করে			
ii. স্বতন্ত্র নালিকাতন্ত্র গঠন করে			
iii. রোগ প্রতিরোধী কোষ থাকে না			
নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)			
● i ও ii	L i ও iii	M ii ও iii	N i, ii ও iii

❖ ❖ ❖ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩০২ ও ৩০৩ নং প্রশ্নের উত্তর দাও :			
মানুষের কান ও নাকের হাড় একই রকম। এগুলো নরম। সামসুল শিক্ষকের কাছ থেকে জানলো যে, এগুলো এক ধরনের কনেকটিভ টিসু।			
৩০২. এখানে কোনটির কথা বলা হয়েছে? (অনুধাবন)			
K অস্থি	L রক্তরস	● কোমলাস্থি	N রক্তকণিকা
৩০৩. উদ্দীপকের টিসুটি—			
i. ভজ্জুর ও দৃঢ় কোষ যুক্ত			
ii. কোষগুলোর মধ্যে বড় ফাঁক যুক্ত			
iii. মাতৃকায় ক্যালসিয়াম জমা হয়			
নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)			
K i ও ii	● i ও iii	M ii ও iii	N i, ii ও iii
নিচের অনুচ্ছেদটি পড়ে ৩০৪ ও ৩০৫ নং প্রশ্নের উত্তর দাও :			
আমরা হাত ও পায়ের পেশিগুলোকে নিজের ইচ্ছায় নাড়াচাড়া করতে পারি।			
৩০৪. উল্লিখিত পেশিগুলো কোন ধরনের? (প্রয়োগ)			

K হৃদপেশি
● ঐচ্ছিক পেশি
L অনৈচ্ছিক পেশি
N পৌষ্টিকনালির পেশি

৩০৫. উল্লিখিত টিস্যুগুলো—

- ডোরাকাটা
- একাধিক নিউক্লিয়াসযুক্ত কোষ বিশিষ্ট
- নলাকার, শাখাবিহীন কোষ বিশিষ্ট

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩০৬ ও ৩০৭ নং প্রশ্নের উত্তর দাও :

ক্লাসে শিক্ষক বললেন আমাদের শরীরে এমন কিছু পেশি আছে যেগুলো আমাদের ইচ্ছায় নড়াচড়া করে না। এই পেশিগুলো খাদ্য হজমও সাহায্য করে।

৩০৬. অনুচ্ছেদের টিস্যু নিচের কোনটি করে? (অনুধাবন)

K হাত-পা নাড়ানো
● অস্ত্রের ক্রমসংকোচন
L হাঁটা চলা
N চোখের পাতা বন্ধ করা


৩০৭. অনুচ্ছেদের টিস্যুটি পাওয়া যায় মেম্ব্রানডীডের—

- হৃৎপিণ্ডে
- পৌষ্টিকনালিতে
- হাত ও পায়ে

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ করে ৩০৮-৩১০ নং প্রশ্নের উত্তর দাও :



৩০৮. A অংশটি কী? (প্রয়োগ)

K সারকোলেমা
● নিউক্লিয়াস
L গহ্বর
N মাইটোকন্ড্রিয়া

৩০৯. B অংশটি কী? (প্রয়োগ)

● ইন্টারক্যালাটেড ডিস্ক
M প্রলম্বিত অঙ্গ
L মায়োফাইব্রিল
N পর্বমধ্য

৩১০. C অংশকে কী বলা হয়? (প্রয়োগ)

K সারকোলেমা
M ফাইব্রোব্লাস্ট
L ইলাস্টিক তন্তু
● মায়োফাইব্রিল

অঙ্গ ও তন্ত্র

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩১১. একাধিক টিস্যু নির্দিষ্ট কাজ সম্পাদন করলে তাকে কী বলে? (জ্ঞান)

K কোষ ● অঙ্গ M তন্ত্র N দেহ

৩১২. জীববিজ্ঞানের কোন শাখায় অঙ্গসমূহ নিয়ে আলোচনা করা হয়? (জ্ঞান)

K টিস্যুতত্ত্ব
M বংশগতিবিদ্যা
L কোষবিদ্যা
● অঙ্গসংস্থানবিদ্যা

৩১৩. অবস্থানভেদে মানবদেহে কয় ধরনের অঙ্গ আছে? (জ্ঞান)

K ১ ● ২ M ৩ N ৪

৩১৪. সন্ধিগত খাদ্য শ্বসনের মাধ্যমে কোন রাসায়নিক প্রক্রিয়ায় শক্তিতে রূপান্তরিত হয়?

● জারণ
M প্রশমন
L বিজারণ
N প্রতিস্থাপন

৩১৫. অনৈচ্ছিক পেশির কাজগুলো নিয়ন্ত্রণ করে নিচের কোনটি? (অনুধাবন)

K মস্তিষ্ক
M করোটিক স্নায়ু
L সুস্নানাকাণ্ড
● স্নায়ুক্রিয় স্নায়ুতন্ত্র

৩১৬. দেহ থেকে অপ্রয়োজনীয় বর্জ্য পদার্থ নিকাশনকে কী বলে? (জ্ঞান)

K শ্বসন
M প্রস্বেদন
L ব্যাপন
● রেচন

৩১৭. অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত রসকে কী বলে? (জ্ঞান)

● হরমোন
M রক্তরস
L এনজাইম
N লসিকা

৩১৮. হরমোন এক স্থান থেকে আরেক স্থানে কিসের মাধ্যমে পরিবাহিত হয়? (জ্ঞান)

K পানি
M টিস্যু
● রক্ত
N স্নায়ু

৩১৯. লালা গ্রন্থি কোন তন্ত্রের অংশ? (জ্ঞান)

K অন্তঃক্ষরা গ্রন্থি তন্ত্রের
M প্রজনন তন্ত্রের
● পরিপাক তন্ত্রের
N রেচনতন্ত্রের

বহুপদী সমাঙ্গিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২০. শ্বাস-প্রশ্বাসে জড়িত তন্ত্রে থাকে—

- ফুসফুস, গলবিল
- ল্যারিংস, ট্রাকিয়া
- অগ্ন্যাশয়

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩২১. পৌষ্টিক গ্রন্থি হিসেবে কাজ করে—

- পিটুইটারি গ্রন্থি
- অগ্ন্যাশয়
- যকৃত

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

৩২২. রেচন তন্ত্রের অংশগুলো—


- বৃক্ক
- জুননাঙ্গ
- মূত্রনালি

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

K i L ii M i ও ii ● i ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৩২৩ ও ৩২৪ নং প্রশ্নের উত্তর দাও :



৩২৩. A চিত্রটি মানুষের একটি তন্ত্র। তন্ত্রটির নাম কী? (অনুধাবন)

● শ্বসনতন্ত্র
M সংবহন তন্ত্র
L পরিপাকতন্ত্র
N গ্রন্থিতন্ত্র

৩২৪. চিহ্নিত অংশগুলোর নাম—

- শ্বাসনালি
- অ্যালার্জিওলাইয়ুক্ত অঙ্গ
- ডায়োফ্রাম

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

অণুবীক্ষণ যন্ত্র ■ পৃষ্ঠা : ২৭ - ২৯

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২৫. আলোক অণুবীক্ষণ যন্ত্র কয় ধরনের? (জ্ঞান)
- ২ L ৩ M ৪ N ৫
৩২৬. ইলেকট্রন অণুবীক্ষণ যন্ত্রে কিসের বদলে ইলেকট্রন ব্যবহার করা হয়? (জ্ঞান)
- K কাচ ● আলো
M লেন্স N শ্লাইড
৩২৭. যে ভিত্তির উপর অণুবীক্ষণ যন্ত্র দাঁড়িয়ে থাকে তাকে কী বলে? (জ্ঞান)
- K ভিত্তিফল L মঞ্চ
M পাদদেশ N স্টেজ
৩২৮. ঘূর্ণায়মান নোঙ্গপিস কোথায় লাগানো থাকে? (জ্ঞান)
- K টানাপলের উপরে L বাহুর নিচে
M দেহনলের উপরে ● দেহনলের নিচে
৩২৯. অণুবীক্ষণ যন্ত্রে বস্তু দেখতে হলে কোথায় চোখ রাখতে হবে? (জ্ঞান)
- আইপিস L নোসপিসস লেন্ডেস
M দর্পণে N ডায়ফ্রামে

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৩০. আলোক অণুবীক্ষণ যন্ত্র—
- i. জটিল অণুবীক্ষণ যন্ত্র
ii. ইলেকট্রন অণুবীক্ষণ যন্ত্র
iii. ইলেকট্রন অণুবীক্ষণ যন্ত্র
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)
- i ও ii Li ও iii M ii ও iii Ni, ii ও iii
৩৩৫. কোন বিজ্ঞানী মাইটোকন্ড্রিয়া নামকরণ করেন?
- K অস্টম্যান L গলজি
M লিনিয়াস ● কেমদা
৩৩৬. রবার্ট হুক কত সালে কোষ আবিষ্কার করেন?
- K ১৯৫৬ L ১৯৬৫ ● ১৬৬৫ N ১৭৬৫
৩৩৭. কোষের পাওয়ার হাউজের ঝিল্লির স্তর কয়টি?
- K ১টি ● ২টি M ৩টি N ৪টি
৩৩৮. সাইটোপ্লাজমের বাইরের দিকে শক্ত আবরণকে কী বলে?
- কোষ ঝিল্লি L এন্ডোপ্লাজম
M মাইটোকন্ড্রিয়া N এন্ডোপ্লাজম
৩৩৯. কোন অণুটি নিউক্লিক এসিড মজুদ করে আমিষ সংশ্লেষণ করে?
- নিউক্লিওলাস L নিউক্লিয় ঝিল্লি
M ক্রোমাটিন জালিকা N নিউক্লিওপ্লাজম
৩৪০. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম কোন অণু সৃষ্টিতে ভূমিকা রাখে?
- K প্রাস্টিন L গলজিবস্তু
● কোষ গহ্বর N লাইসোসোম
৩৪১. সেলুলোজ ও পেকটিন নির্মিত জড় কোষ প্রাচীর কোন টিস্যুর?
- K প্যারেনকাইমা ● কোলেনকাইমা
M স্ক্লেরেনকাইমা N স্ক্লেরাইড
৩৪২. “পেনিসিলিন” নামক অ্যান্টিবায়োটিক গুণ্ড আবিষ্কার করেন কে?
- K হ্যানস ক্রেবস L সালিম আলী
● আলেকজেন্ডার ফ্লেমিং N জর্জ বেনথাম
৩৪৩. কোনটি পাতায় পানি ও খনিজ লবণ পরিবহন করে?
- K সরল টিস্যু ● জাইলেম
M ভাজক টিস্যু N ফ্লেম

অণুবীক্ষণযন্ত্রের স্টেজের অংশ—

- i. একটি বড় ছিদ্র
ii. উপরে দু’পাশে দুটি স্ক্রিপ
iii. কন্ডেনসার থাকতে পারে
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)
- K i ও ii Li ও iii ● ii ও iii Ni, ii ও iii

বস্তু ফোকাসে আনতে কাজে লাগে—

- i. ঘূর্ণায়মান নোসপিস
ii. মূল এডজাইস্টমেন্ট স্ক্রু
iii. সূক্ষ্ম
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)
- K i ও ii Li ও iii M ii ও iii ● i, ii ও iii


অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৩৩ ও ৩৩৪নং প্রশ্নের উত্তর দাও :

রিপা উদ্ভিদ কোষ পর্যবেক্ষণ করারজন্য একটি পেয়াজের শঙ্কপত্র নিয়ে একটি যন্ত্রে রাখল এবং সতর্কভাবে দেখল।

৩৩৩. এখানে কোন যন্ত্রের কথা বলা হয়েছে? (প্রয়োগ)
- K পেরিডিস L পিপেট
● অণুবীক্ষণ যন্ত্র N কপার স্মিথ
৩৩৪. রিপাকে ব্যবহার করতে হবে—
- i. ওয়াচ গ্লাস ও তুলি
ii. শ্লাইড ও গ্লিসারিন
iii. অভিলক্ষ ও পাওয়ার লেন্স
- নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)
- K i ও ii Li ও iii M ii ও iii ● i, ii ও iii

P চিহ্নিত অংশে বিদ্যমান কোনটি?



- K কাইটিন ● লিগনিন M পেকটিন N সেলুলোজ
৩৪৫. ক্লোরোপ্লাস্টের কাছ কী?
- K শক্তি উৎপাদন করা ● খাদ্য তৈরি করা
M প্রোটিন সংশ্লেষণ করা N ব্যাকটেরিয়া ভক্ষণ করা
৩৪৬. কোন উদ্ভিদে এ্যারেনকাইমা টিস্যুর উপস্থিতি লক্ষ করা যায়?
- পদ্ম L আম M গোল আলু N পিয়াজ
৩৪৭. প্রোটিনের পলিপেপটাইড চেইন সংযোজন কোথায় হয়?
- K গলজি বস্তুতে ● রাইবোসোমে
M সেন্ট্রোসোমে N ক্রোমোসোমে
৩৪৮. কোন উদ্ভিদে প্রাথমিক পর্যায়ে ভেসেল থাকে?
- নিটাম L ঝাউ M ঘৃতকুমারী N দেবদারু
৩৪৯. মেব্রুদী প্রাণীদের ত্বকে কোন ধরনের আবরণী টিস্যু বিদ্যমান?
- K স্কোয়ামাস L কিউবয়ডাল
M কলামনার ● স্ট্রাটিফাইড
৩৫০. ক্রোমোসোমের যে স্থানে জিন অবস্থান করে তাকে বলে—
- K স্যাটেলাইট L সেন্ট্রোমিয়ার M ফোকাস ● লোকাস
৩৫১. জীবদেহের টিস্যু ও এর গঠন বিন্যাস নিয়ে আলোচনাকে বলা হয়—
- K শারীরবিদ্যা ● হিস্টোলজি M কোষবিদ্যা N প্রাণ রসায়ন
৩৫২. নিচের কোনটি এককোষী জীব? [যশোর জিলা স্কুল]
- ব্যাকটেরিয়া L কেঁচো M চিথড়ি N মানুষ
৩৫৩. কোনটি কোষের সকল জৈবিক কাজ নিয়ন্ত্রণ করে?

- নিউক্লিয়াস L মাইটোকন্ড্রিয়া M প্রাস্টিড N কোষ গহ্বর
৩৫৪. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম কোন অঙ্গাণু সৃষ্টিতে ভূমিকা রাখে?
K প্রাস্টিড L গলজিবন্তু ● কোষ গহ্বর N লাইসোসোম

৩৫৫. নিচের চিত্রটির জিপি কয় স্তর বিশিষ্ট?



- K ১ ● ২ M ৩ N ৪

৩৫৬. চিত্রের 'A' চিহ্নিত অংশে কোনটি দেখানো হয়েছে?



- K সীতনল ● সঞ্জীকোষ M ট্র্যাকিড N ভেসেল

৩৫৭. গিউকোপ্ৰাস্টের বর্ণ কী রকম?

- K সবুজ L হলুদ M লাল ● বর্ণহীন

৩৫৮. উৎসেচক ও কোষে উৎপাদিত পদার্থসমূহের চলাচল পথ কোনটি?

- K কোষ প্রাচীর ● এন্ডোপ্লাজমিক রেটিকুলাম
M রাইবোসোম N গলজি বন্তু

৩৫৯. দেহত্বকের নিচে ও পেশীর মধ্যে থাকে কোন যোজক টিস্যু?

- ফাইব্রাস L স্কেলেটাল M ফুয়িড N নন-ফাইব্রাস

৩৬০. ক্লোরেনকাইমা কোষযুক্ত ফ্লোয়েম টিস্যুকে কী বলে?

- K উড ফাইবার L উড প্যারেনকাইমা
M ফ্লোয়েম প্যারেনকাইমা ● বাস্ট ফাইবার

৩৬১. সূঁচ বৃক্ষের পাতায় পানি পৌঁছায় কোন মাধ্যমে?

- K ট্র্যাকিড ● ভেসেল M সীতনল N সঞ্জীকোষ

৩৬২. শুধু প্রাণীকোষেরই বৈশিষ্ট্য—

- K কোরান্টোসোম L রাইবোসোম
M অক্সিজোম ● সেন্ট্রোসোম

৩৬৩. ঘনাকৃতি আবরণী টিস্যু—

- K কোষগুলো লম্বা L কোষগুলো একস্তরে সজ্জিত
M হাঁকন কাজে লিপ্ত ● পরিশোধন কাজে লিপ্ত

৩৬৪. ফাইবার জাতীয় খাদ্য—

- পানি শোষণ করে L জৈব লবণ তৈরি করে
M শক্তি উৎপাদন করে N তাপ উৎপাদন করে

৩৬৫. কোষগহ্বর সৃষ্টিতে ভূমিকা রাখে—

- K রাইবোসোম L গলজিবন্তি
M সেন্দ্রিওল ● এন্ডোপ্লাজমিক রেটিকুলাম

৩৬৬. কোনটি সাইটোপ্লাজমের অংশ নয়?

- K গলজিবন্তু L মাইটোকন্ড্রিয়া
● নিউক্লিওলাস N কোষগহ্বর

৩৬৭. কোনটিকে কোষের প্রবাহ পথ বলা যায়?

- এন্ডোপ্লাজমিক রেটিকুলাম L গলজি বন্তি
M লাইসোসোম N ক্রোমোসোম

৩৬৮. কী পরিমাণ গুণবীজী উদ্ভিদের ফ্লোয়েমে সিডকোষ ও সিডনল থাকে?

- K গুটি কয়েক ● সবধরনের
M অর্ধেক সংখ্যক N অল্পসংখ্যক

৩৬৯. ফাইবার কোন ধরনের টিস্যু কোষ?

- K প্যারেনকাইমা L ভাজক
● ক্লোরেনকাইমা N কোলেনকাইমা

৩৭০. অভ্যন্তরীণ কোন কোষটি?

- ফাইবার L প্যারেনকাইমা
M কোলেনকাইমা N ক্লোরেনকাইমা

৩৭১. সেন্দ্রিওল থাকে কোন কোষে?

- K অণুজীব L উদ্ভিদে ● প্রাণীতে N আদি কোষে

৩৭২. সেন্দ্রিওলে কয়টি মাইটোটিকবিউলস আছে?

- K ২৭ ● ৯ M ২ N ৩

৩৭৩. শোণী ও সিকেকিঙ্গ কত সালে কোষের সঞ্জা দেন?

- K ১৯৫৯ ● ১৯৬৯ M ১৯৭৯ N ১৯৮৯

৩৭৪. মাইক্রোভিট্রি কী দ্বারা গঠিত?

- K লিপিড ও ফসফেট L প্রোটিন ও সালফার
● লিপিড ও প্রোটিন N লিপিড ও কার্বন

৩৭৫. অক্সিসোম কোন অঙ্গাণুতে পাওয়া যায়?

- K সেন্দ্রিওল L গলজিবন্তি M প্রাস্টিড ● মাইটোকন্ড্রিয়া

৩৭৬. দণ্ডকলসের কাণ্ডে কোন টিস্যু পাওয়া যায়?

- K প্যারেনকাইমা ● কোলেনকাইমা
M ক্লোরেনকাইমা N ফ্লোরাইড

৩৭৭. কত সালে মাইটোকন্ড্রিয়া আবিষ্কৃত হয়?

- ১৮৯৮ L ১৭৯৮ M ১৮৮৯ N ১৭৮৯

৩৭৮. প্যারেনকাইমা টিস্যুতে ক্লোরোফিল থাকলে তাকে কী বলে?

- ক্লোরেনকাইমা L মেসোফিল
M অ্যারেনকাইমা N কোলেনকাইমা

৩৭৯. কোরান্টোসোম কোণায় পাওয়া যায়?

- K মাইটোকন্ড্রিয়ায় L লাইসোসোমে
● ক্লোরোপ্লাস্টে N রাইবোসোমে

৩৮০. ছলজ উদ্ভিদে বড় বড় বায়ুকূরীযুক্ত প্যারেনকাইমাকে কী বলে?

- অ্যারেনকাইমা L ক্লোরেনকাইমা
M কোলেনকাইমা N ফ্লোরাইড

৩৮১. প্রোটিনের পলিপেপটাইড চেইন সংযোজনে উৎসেচক সরবরাহ করে—

- রাইবোসোম L গলজি বন্তু
M এন্ডোপ্লাজমিক রেটিকুলাম N লাইসোসোম

৩৮২. আদি কোষের DNA এর আকার হয়ে থাকে—

- গোলাকার L ডিম্বাকার M জালিকাকার N সর্পিলাকার

৩৮৩. পানের সোনালী আঁশ নিচের কোনটির উদাহরণ?

- K সার্ফেস ফাইবার L জাইলেম ফাইবার
● বাস্ট ফাইবার N ফ্লোয়েম প্যারেনকাইমা

৩৮৪. পর্দাবিহীন অঙ্গাণু কোনটি?

- K প্রাস্টিড L মাইটোকন্ড্রিয়া
M এন্ডোপ্লাজমিক রেটিকুলাম ● রাইবোসোম

৩৮৫. ইস্টারক্যালোটোড ডিস্ক থাকে নিম্নের কোন প্রকার টিস্যুতে?

- কার্ডিয়াক পেশি টিস্যু L মসৃণ পেশি টিস্যু
M স্নায়ু টিস্যু N অনৈচ্ছিক পেশি টিস্যু

৩৮৬. যে উদ্ভিদে ফ্লোরাইড টিস্যু পাওয়া যায়?

- K মস L ফার্ন
M একবীজপত্রী ● দ্বিবীজপত্রী

৩৮৭. Eukaryota এর অন্তর্ভুক্ত জীব—

- i. প্রকৃতকোষ বিশিষ্ট
ii. এককোষী ও বহুকোষী
iii. নিউক্লিয়াসবিহীন কোষ নিয়ে গঠিত
নিচের কোনটি সঠিক?
● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩৮৮. নিউক্লিয়ার পর্দা দ্বারা আবৃত বস্তুতে বিদ্যমান—

- i. ক্রোমোসোম

- ii. নিউক্লিওলাস
iii. RNA
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii ● i, ii ও iii
৩৮৯. ফ্লেমেনকাইমা টিস্যুর বৈশিষ্ট্য হলো—
i. প্রোটোপ্লাজমযুক্ত
ii. লিগনিনযুক্ত
iii. মৃতকোষ
নিচের কোনটি সঠিক?
K i ও ii ● ii ও iii M iii N i, ii ও iii
৩৯০. প্রাজমাডেজমাটা—
i. কোষপ্রাচীর হতে সৃষ্টি হয়
ii. কোষকে দৃঢ়তা প্রদান করে
iii. কোষসমূহের মাঝে যোগাযোগ রক্ষা করে
নিচের কোনটি সঠিক?
K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii
৩৯১. প্রাণীকোষে থাকে না—
i. কোষপ্রাচীর
ii. প্লাস্টিড
iii. সেন্ট্রিওল
নিচের কোনটি সঠিক?
● i ও ii L i ও iii M iii N i, ii ও iii
৩৯২. প্লাস্টিডের কাজ কোনটি?
i. খাদ্য প্রস্তুত করা
ii. খাদ্য সংরক্ষণ করা
iii. উদ্ভিদ দেহকে আকর্ষণীয় করে পরাগায়নে সাহায্য করা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii
৩৯৩. উদ্ভিদ দেহকে বর্ণময় করে—
i. ক্লোরোপ্লাস্ট
ii. ক্রোমোপ্লাস্ট
iii. লিউকোপ্লাস্ট
নিচের কোনটি সঠিক?
● i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii
৩৯৪. রাইবোসোম—
i. উদ্ভিদ ও প্রাণী কোষে থাকে
ii. কোষের পর্দাহীন অঙ্গাণু
iii. প্রধানত স্নেহ সংশ্লেষণ করে
নিচের কোনটি সঠিক?
● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii
৩৯৫. ঐচ্ছিক পেশির কোষগুলো—
i. একাধিক নিউক্লিয়াসযুক্ত
ii. নলাকার শাখাবিহীন
iii. ইন্টারক্যালাটেড ডিস্কযুক্ত
নিচের কোনটি সঠিক?
● i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii
৩৯৬. আবরণী টিস্যু পরিণত হয়—
i. গ্রহি টিস্যুতে
ii. জ্বনন টিস্যুতে
iii. স্নায়ু টিস্যুতে

- নিচের কোনটি সঠিক?
● i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৩৯৭. কোষের পাওয়ার হাউসে—

- i. গ্লাইকোলাইসিস ঘটে
ii. ক্রিস্টি ও অক্সিসোম থাকে
iii. ফ্রেবসচক্র সম্পন্ন হয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

৩৯৮. ক্লোরোপ্লাস্টে থাকে—

- i. ক্লোরোফিল
ii. ক্যারোটিনয়েড
iii. জ্যান্থোক্সিন

নিচের কোনটি সঠিক?

- i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩৯৯. ক্রোমোপ্লাস্ট থাকে—

- i. রঙিন ফুল ও পাতায়
ii. পাতা ও মূলে
iii. গাজরের মূলে

নিচের কোনটি সঠিক?

- K i L ii ● i ও iii N i, ii ও iii


৪০০. সিতকোষ—

- i. গুণ্ডবীজী উদ্ভিদের জাইলেম পাওয়া যায়
ii. পরিণত অবস্থায় নিউক্লিয়াসবিহীন
iii. পাতায় প্রভুতকৃত খাদ্য দেহের বিভিন্ন অংশে পরিবহন করে

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

নিচের চিত্রটি দেখ এবং ৪০১ ও ৪০২নং প্রশ্নের উত্তর দাও :



৪০১. চিত্রের P চিহ্নিত অংশটি কী দ্বারা গঠিত?

- K DNA ও RNA L DNA ও প্রোটিন
M RNA ও লিপিড ● RNA ও প্রোটিন

৪০২. উপরিউক্ত অঙ্গাণুটি সম্পর্কে যথার্থ উক্তি হলো—

- i. ক্রোমোসোম ধারণ করে
ii. শক্তিশ্বর হিসেবে কাজ করে
iii. কোষ বিভাজনে অংশ নেয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L ii ও iii ● i ও iii N i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪০৩ ও ৪০৪ নং প্রশ্নের উত্তর দাও :

সুমি বাসে করে গ্রামের বাড়িতে যাওয়ার সময় দেখল একজন লোক পাট গাছ থেকে আঁশ ছাড়াচ্ছে।

৪০৩. উদ্দীপকে সংগৃহীত অংশটিতে কোন ধরনের টিস্যু বিদ্যমান?

- K প্যারেনকাইমা L কোলেনকাইমা
● ফ্লেমেনকাইমা N ফ্লেমেনকাইমা


৪০৪. উদ্দীপকের সংগৃহীত অংশের টিস্যুর বৈশিষ্ট্য হচ্ছে—

- i. কোষ প্রাচীর লিগনিনযুক্ত
ii. কোষ প্রাচীরের পুরুত্ব অসমান
iii. কোষে প্রোটোপ্লাজম অনুপস্থিত

নিচের কোনটি সঠিক?

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৪০৫ ও ৪০৬নং প্রশ্নের উত্তর দাও :



৪০৫. P চিত্রের কোন অংশটিতে সূর্যালোক আবশ্য হয়ে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়?

K A ● B M C N D

৪০৬. চিত্র P এর বৈশিষ্ট্য-

- এতে ফাইকোসায়ানিন থাকে
- স্ট্রোমায় সরল শর্করা উৎপন্ন হয়
- এতে ক্লোরোফিল ছাড়াও ক্যারটিনয়েড নামক রঞ্জক থাকে

নিচের কোনটি সঠিক?

K i ও ii ● ii ও iii M i ও iii N i, ii ও iii

নিচের চিত্রের আলোকে ৪০৭ ও ৪০৮নং প্রশ্নের উত্তর দাও :



৪০৭. চিত্রে কোষের কোন অঙ্গাণু দেখানো হয়েছে?

K সেন্ট্রোসোম L লাইসোসোম
M রাইবোসোম ● মাইটোকন্ড্রিয়া

৪০৮. চিত্রের অঙ্গাণুটি-

- বর্ণ কণিকায়ুক্ত
- উদ্ভিদ ও প্রাণী কোষে পাওয়া যায়
- এর অভিজোমে এনজাইম থাকে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

❗ ❗ বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনী প্রশ্নোত্তর

৪১৩. নিউক্লিয়াস সম্পর্কে বর্ধাৰ্ধ উক্তি হলো, এটি-

- আদিকোষ সুগঠিত থাকে
- পরিণত স্তরকোষে থাকে না
- ক্রোমোসোম ধারণ করে

নিচের কোনটি সঠিক?

(উচ্চতর দক্ষতা)

K i L ii M i ও iii ● ii ও iii

৪১৪. উদ্ভিদ কোষের অংশ-


- ডেনড্রাইট
- নিউক্লিয়াস
- সেন্ট্রিওল

নিচের কোনটি সঠিক?

(উচ্চতর দক্ষতা)

K i ● ii M iii N i, ii ও iii

৪১৫. নিচের অঙ্গাণুটির কাজ-



- প্রোটিন সংশ্লেষ করা
- হরমোন নিঃসরণ
- ফ্লাজেলা সৃষ্টি করা

নিচের কোনটি সঠিক?

(প্রয়োগ)

K i ● i ও ii M ii ও iii N i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৪০৯ ও ৪১০নং প্রশ্নের উত্তর দাও :



৪০৯. চিত্রের অঙ্গাণুটির নাম কী?

● লাইসোসোম L রাইবোসোম M প্রাস্টিড N মাইটোকন্ড্রিয়া

৪১০. চিত্রের অঙ্গাণুটির উৎসেচক-

- জীবাণু হজম করে
- পর্দা দ্বারা আলাদা থাকে
- প্রোটিন সংশ্লেষণ করে

নিচের কোনটি সঠিক?

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৪১১ ও ৪১২ নং প্রশ্নের উত্তর দাও :



৪১১. চিত্রের অঙ্গাণুটির নাম কী?

K রাইজোম L রাইবোসোম
● লাইসোসোম N সেন্ট্রোসোম

৪১২. চিত্রের অঙ্গাণুটি-

- পরিপাক উৎসেচকে ভরা থাকে
- জীবাণু ধারণ করে
- প্রাণিকোষে থাকে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

৪১৬. একটি জীবিত কোষ পাতলা কোষ পর্দা দ্বারা আবৃত। তা হলে কোষটি হবে-

- উদ্ভিদ মূলের
- প্রাণীর পরিপাকতন্ত্রের
- মানুষের লোহিত কণিকার

নিচের কোনটি সঠিক?

(উচ্চতর দক্ষতা)

K i L ii M i ও ii ● ii ও iii

৪১৭. কোষ বিভাজনের সময় নিউক্লিয়াসের বিলুপ্তি ঘটে এবং দেখা যায়-

- ক্রোমোসোম
- সেন্ট্রোসোম
- ক্রোমাটিন জালিকা

নিচের কোনটি সঠিক?

(উচ্চতর দক্ষতা)

● i L i ও ii M i ও iii N ii ও iii

৪১৮. জীবের মাতাপিতার চারিত্রিক বৈশিষ্ট্যগুলো সন্তানদের মধ্যে বহন করে-

- DNA
- RNA
- Y-ক্রোমোসোম

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

● i L iii M i ও iii N ii ও iii

৪১৯. একটি মাত্র আবরণ দ্বারা আবৃত থাকে-

- স্নায়ুকোষ
- লাইসোসোম
- ক্লোরাইড

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

K i L iii ● ii N ii ও iii

৪২০. প্যারেনকাইমা টিস্যুর কোষ-

- পাতলা কোষপ্রাচীর যুক্ত
- প্রাচীর সেগুলো দিয়ে তৈরি
- দিক্তরবিশিষ্ট বিলিযুক্ত

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- i ও ii Li ও iii M ii ও iii Ni, ii ও iii

৪২১. কোলেনকাইমা টিস্যু-

- আদি কোষ দ্বারা গঠিত
- প্রাচীরের কোষগুলো অধিক পুরু
- কোষগুলো লম্বাটে ও সজীব

নিচের কোনটি সঠিক?

(প্রয়োগ)

- K i ও ii Li ও iii ● ii ও iii Ni, ii ও iii

৪২২. ফাইবার কোষগুলো-

- পুরু প্রাচীর যুক্ত
- মাছের ঝাঁশের মতো চ্যাপ্টা
- শক্ত ও দুই প্রান্ত সরু

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- K i ও ii ● i ও iii M ii ও iii Ni, ii ও iii

৪২৩. জাইলেম গঠনকারী কোষ-

- ট্র্যাকিড
- সিডনল
- ভেসেল

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- K i ও ii ● i ও iii M ii ও iii Ni, ii ও iii

৪২৪. জাইলেমে অবস্থিত প্যারেনকাইমা কোষগুলো-

- গ্রহি টিস্যু গঠন করে
- খাদ্য সংরক্ষণ করে
- পানি পরিবহন করে

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- K i ও ii Li ও iii ● ii ও iii Ni, ii ও iii

৪২৫. ফ্লোয়েম টিস্যুতে থাকে-

- সিডনল ও সজীবকোষ
- প্যারেনকাইমা ও ফাইবার
- অস্থি ও কোমলাস্থি

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- i ও ii Li ও iii M ii ও iii Ni, ii ও iii

৪২৬. ফ্লোয়েম প্যারেনকাইমা কোষ পাওয়া যায়-

- দ্বিবীজপত্রী উদ্ভিদের ফ্লোয়েমে
- ফার্ন উদ্ভিদের ফ্লোয়েমে
- প্রাণিদেহের শ্বসনতন্ত্রে

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- i ও ii Li ও iii M ii ও iii Ni, ii ও iii

৪২৭. উদ্ভিদ ও প্রাণীর দেহে পরিবহনের কাজ করে-

- কোলেনকাইমা
- ফ্লোয়েম
- এক ধরনের যোজক টিস্যু

নিচের কোনটি সঠিক?

(প্রয়োগ)

- K i ও ii Li ও iii ● ii ও iii Ni, ii ও iii

৪২৮. উদ্ভিদ ও প্রাণীর স্ফূটনকারী টিস্যুগুলো-

- গ্রহি টিস্যু

ii. আইলেটস অব ল্যাক্সারহ্যান্স

iii. জাইলেম ও ফ্লোয়েম

নিচের কোনটি সঠিক?

(উচ্চতর দক্ষতা)

- i ও ii Li ও iii M ii ও iii Ni, ii ও iii

৪২৯. মানবদেহে স্ফূটন, শোষণ, রক্ষণ ইত্যাদি কাজ করে -

- তরুক্ষীর ও গ্রহি টিস্যু
- গ্রহি এপিথেলিয়াল টিস্যু
- সিলিয়ামুক্ত এপিথেলিয়াল টিস্যু

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- K i ও ii Li ও iii ● ii ও iii Ni, ii ও iii

৪৩০. গলজিবন্ত নিঃসরণ করে-

- রক্ত ও রক্ত কণিকা
- হরমোন
- শুক্ৰাণু

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- K i ● ii M iii Ni, ii ও iii

৪৩১. মানবদেহে বিভিন্ন ধরনের ঐচ্ছিক পেশিসমূহের সংযুক্তির ব্যবস্থা করে-

- কানেক্টিভ টিস্যু
- ফ্লোরেনকাইমা টিস্যু
- এপিথেলিয়াল টিস্যু

সঠিক উত্তর কোনটি?

(অনুধাবন)

- K i ও ii ● i ও iii M ii ও iii Ni, ii ও iii

৪৩২. এপিথেলিয়াল টিস্যুর কাজ-

- অল্প প্রাচীর গঠন করা
- দৃঢ়তা প্রদান করা
- পরিশোধন করা

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- K i ও ii ● i ও iii M ii ও iii Ni, ii ও iii

৪৩৩. এপিথেলিয়াল টিস্যুর কোষগুলো-

- ঘন সন্নিবেশিত
- একটি ভিত্তি পর্দার ওপর বিন্যস্ত
- উদ্ভিদের আবরণ সৃষ্টি করে

নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- i ও ii Li ও iii M ii ও iii Ni, ii ও iii

৪৩৪. তরল মাতৃকা বিশিষ্ট যোজক কলা-

- বড় বড় বায়ুকূটরিয়ুক্ত
- শ্বসনে সহায়তা করে
- রোগ প্রতিরোধের কাজ করে

নিচের কোনটি সঠিক?

(প্রয়োগ)

- K i ও ii Li ও iii ● ii ও iii Ni, ii ও iii

৪৩৫. পরিপাকতন্ত্রের অন্তর্ভুক্ত অংশগুলো-

- মুখগহ্বর ও ইলিয়াম
- বৃক্কের বোম্যাপ ক্যাপসুল
- যকৃত


নিচের কোনটি সঠিক?

(অনুধাবন)

- K i ও ii ● i ও iii M ii ও iii Ni, ii ও iii

১৫ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের চিত্রটি লক্ষ করে ৪৩৬ ও ৪৩৭ নং প্রশ্নের উত্তর দাও :



৪৩৬. C চিহ্নিত অংশটিতে কোনটি পাওয়া যায়? (প্রয়োগ)

- K সেন্ট্রোসোম ● অক্সিসোম
M অ্যান্ড্রিন N ক্রোমোসোম

৪৩৭. A চিহ্নিত অঙ্গাণুটি জীবকে বাঁচিয়ে রাখতে সহায়তা করে—

- i. খাদ্য তৈরি করে ii. খাদ্য পরিবহন করে
iii. রোগ প্রতিরোধ করে

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

- i L ii M i ও ii N i ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৩৮ ও ৪৩৯ নং প্রশ্নের উত্তর দাও :

বাণীর বাড়ির লনের দুর্বা ঘাস ইট দিয়ে ঢাকা ছিল। সে একটা ইট উঠিয়ে অন্য জায়গায় রাখল। কিছুদিন পর দেখল ঐ সাদা ঘাসগুলি সবুজ হয়ে গিয়েছে।

৪৩৮. ইটে ঢাকা দুর্বা ঘাসগুলিতে কোণটির আধিক্য ছিল? (অনুধাবন)

- K ট্রাক্লিডের ● লিউকোপ্লাস্টিড-এর
M ভেসেলের N ক্লেরাইডের


৪৩৯. দুর্বা ঘাসগুলোর সবুজ বর্ণ ধারণ করার কারণ—

- i. মাটির সবুজ পদার্থ থাকার কারণে সবুজ হয়েছে
ii. ক্লোরোফিল
iii. প্লাস্টিডের বৃপান্তর

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

- K iii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ করে ৪৪০ ও ৪৪১ নং প্রশ্নের উত্তর দাও :



৪৪০. চিত্রের কোষগুলো কোন টিস্যুর? (প্রয়োগ)

- K কানেক্টিভ টিস্যু L স্ট্রাক্টিফাইড আবরণী টিস্যু
M কোলেনকাইমা ● ক্লেরেনকাইমা

৪৪১. চিত্রের কোষগুলো যে টিস্যুর, তাতে—

- i. প্রাথমিক অবস্থায় প্রোটোপ্লাজম থাকে
ii. তন্তু ও ক্লেরাইড ধরনের কোষ পাওয়া যায়
iii. ভিত্তি পর্দার উপর একাধিক স্তরে সজ্জিত

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

- i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৪২ ও ৪৪৩ নং প্রশ্নের উত্তর দাও :

শিক্ষক ক্লাসে এমন একটি টিস্যুর কথা বললেন যা উদ্ভিদ অঙ্গকে দৃঢ়তা প্রদান করে। কখনো খাদ্য সঞ্চয়ের কাজও করে। এছাড়া এটির প্রাচীর কোষে সর্পিলাকার, সোপানাকার দেয়াল থাকে।

৪৪২. উদ্ভীপকে উল্লিখিত টিস্যুটির কোষের নাম কী? (প্রয়োগ)

- K সিন্যাপস ● ট্রাক্লিড M প্লাস্টিড N ক্লেরেনকাইমা

৪৪৩. উদ্ভীপকে উল্লিখিত কোষটি—

- i. লম্বাকৃতির হয় ii. পরাগায়নে সাহায্য করে
iii. সরু ও সূঁচালো প্রান্তবিশিষ্ট হয়

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

- K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৪৪-৪৪৬ নং প্রশ্নের উত্তর দাও :

সায়লার হাত কেটে যাওয়ার রক্তপাত হলো। সে তার রক্তপাত বন্ধ করার চেষ্টা করলো। কিন্তু কিছুক্ষণ পর তা এমনি বন্ধ হয়ে গেলো।

৪৪৪. সায়লার কেটে যাওয়া অংশের রক্তপাত বন্ধে সাহায্য করেছে কোনটি? (অনুধাবন)

- K কেম্প্রিকারস L শ্বেত রক্তকণিকা
M সেলুলোজ ● অণুচক্রিকা

৪৪৫. উদ্ভীপকে কোন টিস্যুর কথা বলা হয়েছে? (অনুধাবন)

- তরল যোজক টিস্যু L প্যারেনকাইমা
M কঙ্কাল যোজক টিস্যু N স্ফরণকারী টিস্যু

৪৪৬. উদ্ভীপকে উল্লিখিত টিস্যুটি—

- i. বলয়াকার, সর্পিলাকার, সোপানাকার হয়ে থাকে
ii. ধমনী, কৈশিকনালি ও শিরার মাধ্যমে পরিবাহিত হয়
iii. উষ্ণ রক্তবাহী প্রাণীর তাপমাত্রার ভারসাম্য রক্ষা করে

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

- K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৪৭ ও ৪৪৮ নং প্রশ্নের উত্তর দাও :

দেহে এক ধরনের পেশি আছে যাদের গঠন ঐচ্ছিক পেশির মতো হলেও কাজ অনৈচ্ছিক পেশির মতো। উক্ত টিস্যু ভূণের একটি বিশেষ পর্যায় থেকে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত সংকোচন প্রসারণের মাধ্যমে একটি বিশেষ কাজ করে।

৪৪৭. উক্ত টিস্যুটির কাজ কী? (প্রয়োগ)

- রক্ত সংবহন L দৃঢ়তা প্রদান
M খাদ্য পরিবহন N দেহের আবরণ

৪৪৮. অনুচ্ছেদে যে টিস্যুর কথা বলা হয়েছে তার কোষগুলো—

- i. দাগযুক্ত
ii. শাখাযুক্ত
iii. জালিকাকার

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

- i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৪৯ ও ৪৫০ নং প্রশ্নের উত্তর দাও :

অমৃত্যর হাতে গুঁচ ফোটানো হলে সে বাখায় শব্দ করে ওঠে এবং হাত সরিয়ে নেয়।

৪৪৯. যে টিস্যুর মাধ্যমে উক্ত ঘটনাটি ঘটে তার নাম কী? (প্রয়োগ)

- K সরল টিস্যু L স্থায়ী টিস্যু M জটিল টিস্যু ● স্নায়ু টিস্যু

৪৫০. অনুচ্ছেদে উল্লিখিত টিস্যুর—

- i. কোষদেহ নিউক্লিয়াসযুক্ত
ii. কোষে মাইটোকন্ড্রিয়া ও গলজিবস্তু থাকে
iii. প্রাচীর লিগনিনযুক্ত

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

- i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৫১ ও ৪৫২ নং প্রশ্নের উত্তর দাও :

সোমাদের বাগানে একটি কুনোব্যাঙ একটু দূরে একটি মশা খাওয়ার জন্য লাফ দিল এবং মশাটিকে খেয়ে ফেলল।


৪৫১. প্রথম ঘটনাটিতে সক্রিয় ছিল কোন পেশি? (প্রয়োগ)

- K স্নায়ু কলা L যোজক কলা M আবরণী কলা ● পেশি কলা

৪৫২. শেষোক্ত ঘটনাটির জন্য কোন তন্ত্র কাজ করবে? (উচ্চতর দক্ষতা)

- K শ্বসনতন্ত্র L রোচনতন্ত্র M প্রজননতন্ত্র ● পরিপাকতন্ত্র

নিচের চিত্রটি লক্ষ করে প্রশ্নগুলোর উত্তর দাও :




- ক. প্লাজমালেমা কী?
 খ. প্লাস্টিডকে বর্ণগঠনকারী অঙ্গ বলি হয় কেন?
 গ. জীবজগতের জন্য N চিহ্নিত অংশটি গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর।
 ঘ. M চিহ্নিত অংশটির অনুপস্থিতিতে জীবদেহে কী ধরনের সমস্যা দেখা দিবে তা বিশ্লেষণ কর।

১নং প্রশ্নের উত্তর

- ক. কোষের প্রোটোপ্লাজমের বাইরে যে দ্বিস্তরবিশিষ্ট পর্দা থাকে তাই প্লাজমালেমা।
 খ. প্লাস্টিডগুলোর মধ্যে ক্লোরোপ্লাস্ট এবং ক্রোমোপ্লাস্টে বিভিন্ন ধরনের রঞ্জক পদার্থ যেমন : ক্লোরোফিল, জ্যান্থোফিল, ক্যারোটিন, ফাইকো-এরিথ্রিন, ফাইকো সায়ানিন ইত্যাদি বর্ণ কণিকা থাকে যেগুলোর কারণে পাতা, ফুল, সবুজ, ফল, হলুদ, কমলা, লাল বা নীল হয়ে থাকে। যেহেতু প্লাস্টিডের কারণেই উদ্ভিদের এ ধরনের বর্ণ বিচিত্রতা দেখা যায়, সে কারণে প্লাস্টিডকে বর্ণ গঠনকারী অঙ্গ বলা হয়।
 গ. N চিহ্নিত অংশটির নাম ক্লোরোপ্লাস্ট।
 এটি একটি কোষ অঙ্গাণু এবং সবুজ রঞ্জক পদার্থ ক্লোরোফিল ধারণ করে, তাই একে ক্লোরোপ্লাস্ট বলে। সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার দ্বারা শর্করা জাতীয় খাদ্য প্রস্তুত করা ক্লোরোপ্লাস্টের প্রধান কাজ। একমাত্র সালোকসংশ্লেষণের মাধ্যমেই সৌরশক্তি রাসায়নিক শক্তিতে পরিণত হয়ে খাদ্যে আবদ্ধ হয়। এ কাজটি ক্লোরোপ্লাস্ট দ্বারা সম্পূর্ণ হয়। এছাড়া ক্লোরোপ্লাস্টের ক্লোরোফিলের উপস্থিতিতে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় বায়ুর CO₂ শোষিত হয় এবং O₂ উৎপন্ন হয়। ক্লোরোপ্লাস্ট প্রাণিকুলের জন্য ক্ষতিকর CO₂ শোষণ করে এবং সকল জীবের শ্বসনের জন্য অত্যাবশ্যিক O₂ সরবরাহ করে জীবজগতকে নিশ্চিত ধ্বংসের হাত থেকে রক্ষা করে। এছাড়া ক্লোরোপ্লাস্ট এর সাহায্যে প্রস্তুতকৃত খাদ্য শর্করা উদ্ভিদে সঞ্চিত থাকে। যা প্রাণিকুলের খাদ্যের একমাত্র উৎস। এ জন্য উদ্ভিদকোষের ক্লোরোপ্লাস্ট জীবজগতের জন্য একটি গুরুত্বপূর্ণ কোষ অঙ্গাণু।
 ঘ. উদ্ভীপকের চিত্রের M অংশটি একটি প্রাণিকোষে থাকে। M চিহ্নিত অংশটি কোষ অঙ্গাণু- সেন্ট্রিওল যার অনুপস্থিতিতে প্রাণীদেহে কোষ বিভাজনে সমস্যা দেখা দিবে।
 সেন্ট্রিওল প্রাণিকোষ বিভাজনের সময় এস্টার-রে গঠন করে যা বিস্তৃত হয়ে মাকুতন্ত্র গঠন করে। মাকুতন্ত্র ক্রোমোসোমের প্রান্তীয় গমনে সহায়তা করে। কোষ বিভাজনের মেটাফেজ দশায় ক্রোমোসোমের সেন্ট্রিওমিয়ার বিস্তৃত হয় এবং তন্ত্র সংকোচনে ক্রোমোসোমগুলো বিপরীত মেরুর দিকে চলে যায়। শেষে দুটি অপত্যকোষ সৃষ্টি হয় যার ক্রোমোসোম সংখ্যা মাতৃকোষের ক্রোমোসোম সংখ্যার সমান থাকে।
 যদি কোষে সেন্ট্রিওল না থাকত তাহলে কোষে মাকুতন্ত্র সৃষ্টি হতো না এবং ক্রোমোসোমগুলোর বিপরীত মেরুর দিকে যাওয়া বিঘ্নিত হতো। ফলে কোষটিতে ক্রোমোসোম সংখ্যার বৃদ্ধি ঘটে একটি অস্বাভাবিক কোষের সৃষ্টি হতো এবং কোনো জীবের প্রজাতির ক্রোমোসোম সংখ্যা নির্দিষ্ট থাকত না। এছাড়া কোনো বিভাজিত কোষের সেন্ট্রিওল নষ্ট হয়ে গেলে, সে কোষ থেকে সৃষ্ট অস্বাভাবিক কোষটির অস্বাভাবিক বিভাজনের ফলে টিউমার অথবা অনেক সময় ক্যান্সার সৃষ্টি হতে পারে।
 সুতরাং বলা যায় সেন্ট্রিওল প্রাণিকোষে একটি গুরুত্বপূর্ণ কোষ অঙ্গাণু।

নিচের চিত্রদ্বয় দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :




- ক. পেশি টিস্যু কী?
 খ. স্কেলিটাল টিস্যু কীভাবে মস্তিষ্ককে রক্ষা করে?
 গ. চিত্রের Q চিহ্নিত অংশটির ঐরূপ অবস্থানের কারণ ব্যাখ্যা কর।
 ঘ. চিত্র A ও B-এর মধ্যে একটি পরিবহন কাজ ছাড়াও অন্যান্য জৈবিক কাজে কীভাবে ভূমিকা রাখে যুক্তিসহ ব্যাখ্যা কর।

২নং প্রশ্নের উত্তর

- ক. ভূগীয় মেসোডার্ম থেকে তৈরি সংকোচন প্রসারণশীল বিশেষ ধরনের টিস্যুকে পেশি টিস্যু বলে।

- খ. দেহের অভ্যন্তরীণ কাঠামো গঠনকারী টিস্যুকে স্কেলিটাল যোজক টিস্যু বলে। মানুষের মস্তিষ্কে আবৃত করে রাখে অস্তঃকঙ্কাল করোটিকা। করোটিকা এক ধরনের স্কেলিটাল টিস্যু যা ৮টি শক্ত অছি দ্বারা গঠিত। অছিগুলো ঘন সন্নিবেশিত ও দৃঢ় সংলগ্ন হয়ে মস্তিষ্কে বাইরের আঘাত থেকে রক্ষা করে।
- গ. চিত্রের Q চিহ্নিত অংশটি সঞ্জীকোষসহ একটি সিভকোষের প্রস্থচ্ছেদের চিত্র। প্রতিটি সিভকোষের সাথে একটি করে সঞ্জীকোষ থাকে। সঞ্জীকোষটি প্যারেনকাইমা জাতীয়। এর নিউক্লিয়াসের আকার বেশ বড়। সঞ্জীকোষ প্রোটোপ্লাজমপূর্ণ ও পাতলা প্রাচীর যুক্ত। অপরদিকে পরিণত সিভকোষে কোনো নিউক্লিয়াস থাকে না। ধারণা করা হয়, সঞ্জীকোষের নিউক্লিয়াস সিভকোষের কার্যাবলি কিছু পরিমাণে হলেও নিয়ন্ত্রণ করে। সম্ভবত এটাই প্রতিটি সিভকোষের সাথে একটি করে সঞ্জীকোষের অবস্থানের কারণ।
- ঘ. উদ্ভীপকের চিত্র A উদ্ভিদের পরিবহন টিস্যুগুচ্ছ— ভাসকুলার বান্ডল এর ফ্লোয়েম অংশের সিভনলের চিত্র এবং চিত্র B মানব তরল যোজকটিস্যু রক্তের কণিকা। এ দুই ধরনের টিস্যু দেহের পরিবহনতন্ত্রের অংশ হলেও B অর্থাৎ রক্তকণিকা পরিবহন ছাড়াও অন্যান্য জৈবিক কাজে ভূমিকা রাখে। উদ্ভিদে ফ্লোয়েমের কাজ হচ্ছে প্রস্তুতকৃত খাদ্যকে পাতা থেকে দেহের বিভিন্ন টিস্যু ও কোষে পরিবহন করা। কিন্তু রক্তের রক্ত কণিকাগুলো পরিবহন ছাড়াও বিভিন্ন জৈবিক কাজ করে। লোহিত রক্তকণিকা ফুসফুস থেকে অক্সিজেনকে বিভিন্ন টিস্যুতে নিয়ে যায় এবং সেখান থেকে CO₂ কে ফুসফুসে বহন করে এনে শ্বাস-প্রশ্বাসে সহায়তা করে। শ্বেত কণিকাগুলো দেহের জীবাণুকে ধ্বংস করে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। রক্তের তরল অংশ রক্তরস বিভিন্ন জৈব ও অজৈব খাদ্যরস, বর্জ্যপদার্থ, পানি, হরমোন ইত্যাদি দেহের বিভিন্ন অঙ্গে বহন করে নিয়ে যায়। এছাড়া দেহের কোথাও কেটে ছিঁড়ে গেলে রক্তের অনুচক্রিকা রক্তরসকে জমাট বাঁধিয়ে রক্তক্ষরণ বন্ধ করে। উপরিউক্ত ব্যাখ্যা থেকে দেখা যায় যে, চিত্রের A ও B অর্থাৎ সিভনল ও রক্তকণিকার মধ্যে রক্তকণিকা পরিবহন ছাড়াও অন্যান্য জৈবিক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

নিচের উদ্ভীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র- R


- ক. টিস্যু কী? ১
- খ. অ্যামিবা কোন রাজ্যের অন্তর্ভুক্ত জীব? কেন? ২
- গ. R-এর গঠন বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
- ঘ. R-এর অনুপস্থিতিতে জীবকুলে কী ঘটবে—বিশ্লেষণ কর। ৪

▶▶ ৩নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. টিস্যু হলো একই গঠনবিশিষ্ট একগুচ্ছ কোষ যারা একত্রিত হয়ে একই কাজ করে এবং তাদের উৎপত্তি অভিন্ন হয়।
- খ. অ্যামিবা এককোষী এবং সুগঠিত নিউক্লিয়াসবিশিষ্ট জীব। কোষে ক্রোমাটিন বস্তু নিউক্লিয়ার পর্দা দ্বারা পরিবৃত্ত থাকে। কোষে সকল ধরনের অঙ্গাণু থাকে। খাদ্যগ্রহণ শোষণ পদ্ধতিতে ঘটে। মাইটোসিস কোষ বিভাজনের মাধ্যমে অযৌন প্রজনন ঘটে এবং কনজুগেশনের মাধ্যমে যৌন প্রজনন ঘটে। এই বৈশিষ্ট্যগুলো অ্যামিবা এর মধ্যে থাকার কারণে এদের প্রোটিস্টা (Protista) রাজ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে।
- গ. উদ্ভীপকে R একটি প্লাস্টিডের ইলেকট্রন অণুবীক্ষণ যন্ত্রে দৃষ্ট চিত্র। চিত্রের প্লাস্টিডটি ক্লোরোফিল ধারণ করে তাই একে ক্লোরোপ্লাস্ট বলে। প্রতিটি ক্লোরোপ্লাস্ট দুটি একক পর্দা বহিঃঝিল্লি ও অন্তঃঝিল্লি দ্বারা বেষ্টিত। এর মধ্যে তরল ম্যাট্রিক্স থাকে, একে স্ট্রোমা বলে। স্ট্রোমায় অসংখ্য চাকতির মত বস্তু স্তরে স্তরে সাজানো থাকে এদের গ্রানা বলে এবং এক একটি চাকতিকে থাইলাকয়েড বা গ্রানাম চক্র বলে। গ্রানাম চক্র সূক্ষ্ম নালিকা দিয়ে যুক্ত থাকে। গ্রানাম চক্রের সংযোগকারী এসব নালিকার নাম স্ট্রোমা ল্যামেলাস।
- ঘ. উদ্ভীপকের R একটি প্লাস্টিডের অতি অণুবীক্ষণীয় চিত্র। আমরা জানি, উদ্ভিদে তিন ধরনের প্লাস্টিড থাকে যথা— ক্লোরোপ্লাস্ট, ক্রোমোপ্লাস্ট ও লিউকোপ্লাস্ট। ক্লোরোপ্লাস্ট এর কাজ হচ্ছে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় সৌরশক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত করে প্রস্তুতকৃত খাদ্যের মধ্যে শক্তি আবদ্ধ করা। এছাড়া এ প্রক্রিয়ায় CO₂ গ্রহণ করে এবং বায়ুমন্ডলে O₂ ত্যাগ করে। ফলে বায়ুমন্ডলে O₂ ও CO₂ এর অনুপাত রক্ষায় সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার মাধ্যমে ক্লোরোপ্লাস্ট বিশেষ ভূমিকা রাখে যা জীবকুলের শ্বসনের জন্য অপরিহার্য। ক্রোমোপ্লাস্ট ফুলকে নানা বর্ণে রঙিন করে পতঙ্গ ও অন্যান্য জীবকে আকৃষ্ট করে পরাগায়নে সাহায্য করে। ফলে উদ্ভিদের ফল হয়। ফল উদ্ভিদের বংশ বিস্তারে এবং জীবকুলের খাদ্যের যোগানে সাহায্য করে। লিউকোপ্লাস্ট উদ্ভিদে খাদ্য সংরক্ষণে সহায়তা করে। এই খাদ্য পরবর্তীতে বিভিন্ন জীব খাদ্য হিসেবে গ্রহণ করে।

উপর্যুক্ত আলোচনা থেকে বুঝা যায় উদ্ভীপকের R অর্থাৎ ক্লোরোপ্লাস্টিড উদ্ভিদ কোষে না থাকলে সালোকসংশ্লেষণ হতো না। ফলে জীবকুল খাদ্য পেত না এবং পরিবেশে O₂ ও CO₂ এর ভারসাম্য রক্ষা হতো না, এর ফলে জীবকুল ধ্বংস হয়ে যেত।

নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




- ক. জাইগোট কী? ১
- খ. মাইটোকন্ড্রিয়াকে শক্তিশ্বর বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. P-চিত্রের উপাদানটির গঠন বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
- ঘ. 'A' চিহ্নিত অংশটি পুরুষানুক্রমে বংশের বৈশিষ্ট্য বহনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—বিশ্লেষণ কর। ৪

৪নং প্রশ্নের সমাধান

- ক. জীবে শূক্রাণু ও ডিম্বানুর মিলনের ফলে যে কোষ উৎপন্ন হয়, সেটি জাইগোট।
- খ. জীবের জৈবিক কাজ সম্পাদনের জন্য শক্তিরয়োজন। শক্তি উৎপাদনের সকল প্রক্রিয় কোষ অঙ্গাণু মাইটোকন্ড্রিয়ার ভেতর ঘটে। জীবের শ্বসনের দ্বিতীয় ও অত্যন্ত গুরুত্বপূর্ণ ধাপ ক্রেবস চক্রের অংশগ্রহণকারী সব উৎসেচক এখানে থাকে। ক্রেবস চক্রেই সর্বাধিক শক্তি ATP উৎপন্ন হয়। এজন্য মাইটোকন্ড্রিয়াকে কোষের শক্তিশ্বর বলা হয়।
- গ. P চিত্রের উপাদানটি হলো নিউক্লিয়াস। এর বিভিন্ন অংশের গঠন বৈশিষ্ট্য নিচে বর্ণনা করা হলো :
- নিউক্লিয়ার ঝিল্লি : নিউক্লিয়াসকে ঘিরে রাখে যে ঝিল্লি তাকে নিউক্লিয়ার ঝিল্লি বা কেন্দ্রিকা ঝিল্লি বলে। এটি দ্বিস্তর বিশিষ্ট ঝিল্লি। এ ঝিল্লি লিপিড ও প্রোটিন সমন্বয়ে গঠিত। এ ঝিল্লিতে মাঝে মাঝে কিছু ছিদ্র থাকে একে নিউক্লিয়ার রম্প বলে।
 - নিউক্লিওপ্লাজম : কেন্দ্রিকা ঝিল্লির অভ্যন্তরে জেলির ন্যায় বস্তু বা রসকে কেন্দ্রিকারস বা নিউক্লিওপ্লাজম বলে।
 - নিউক্লিওলাস : কেন্দ্রিকারসের মধ্যে ক্রোমোসোমের সাথে লাগানো গোলাকার বস্তুকে নিউক্লিওলাস বা কেন্দ্রিকাণু বলে। ক্রোমোসোমের রঞ্জগ্রাহী অংশের সাথে এরা লেগে থাকে। এরা RNA ও প্রোটিন দ্বারা গঠিত।
 - ক্রোমাটিন জালিকা : কোষের বিশ্রামকালে নিউক্লিয়াসে কুণ্ডলী পাকানো সূক্ষ্ম সুতার ন্যায় অংশই ক্রোমাটিন জালিকা। কোষ বিভাজনের সময় এটা মোটা ও খাটো হয় তাই তখন তাকে আলাদা আলাদা ক্রোমোসোম হিসেবে দেখা যায়।
- ঘ. উদ্ভীপকে উল্লিখিত 'A' চিহ্নিত অংশটি হলো ক্রোমোসোম। ক্রোমোসোমের প্রধান উপাদান ডিএনএ যা জিনের রাসায়নিক রূপ। জীবের সকল অদৃশ্য ও দৃশ্যমান বৈশিষ্ট্য নিয়ন্ত্রণকারী এককের নাম জিন।
- ক্রোমোসোমের গায়ে সন্নিবেশিত থাকে অসংখ্য জিন বা বংশগতির একক। ক্রোমোসোম জিনকে সরাসরি বহন করে পিতা মাতা থেকে তাদের পরবর্তী বংশধরে নিয়ে যায়। অর্থাৎ ক্রোমোসোমের কাজ হলো মাতাপিতা হতে জিন (যা জীবের বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে) সন্তান সন্ততিতে নিয়ে যাওয়া। মানুষের চোখের রং, চুলের প্রকৃতি, চামড়ার গঠন ইত্যাদি বৈশিষ্ট্য ক্রোমোসোম কর্তৃক বাহিত হয়ে বংশগতির ধারা অক্ষুণ্ণ রাখে। এ কারণে ক্রোমোসোমকে বংশগতির ভৌত ভিত্তিও বলা হয়। সুতরাং উপরিউক্ত আলোচনা থেকে প্রতীয়মান হয় ক্রোমোসোম পুরুষানুক্রমে বংশের বৈশিষ্ট্য বহনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



- ক. টিস্যু কী? ১
- খ. বহুকোষী জীবের দেহকোষকে প্রকৃত কোষ বলা হয় কেন? ২
- গ. R ও S এর গঠনগত অমিল ব্যাখ্যা কর। ৩

ঘ. জাতীয় আয় বৃদ্ধিতে 'P' এর অবদান মূল্যায়ন কর। ৪

৷৷ ৫নং প্রশ্নের সমাধান ৷৷


- ক. টিস্যু হলো একই গঠনবিশিষ্ট এক গুচ্ছ কোষ যারা একত্রিত হয়ে একই কাজ করে এবং তাদের উৎপত্তি অভিন্ন হয়।
- খ. যেসব কোষের নিউক্লিয়াস সুগঠিত অর্থাৎ নিউক্লিয়ার ঝিল্লি দ্বারা নিউক্লিয়ার বস্তু বেষ্টিত ও সুসংগঠিত তাদের প্রকৃত কোষ বলে। সাধারণত বহুকোষী জীবের দেহকোষ এর নিউক্লিয়াস সুগঠিত অর্থাৎ নিউক্লিয়ার ঝিল্লি দ্বারা নিউক্লিয়ার বস্তু বেষ্টিত ও সুসংগঠিত। এজন্য বহুকোষী জীবের দেহকোষকে প্রকৃত কোষ বলা হয়।
- গ. উদ্দীপকে R ফ্লোয়েম টিস্যুর সিতনল এবং S বলতে জাইলেম এর ভেসেলকে বোঝানো হয়েছে। এদের গঠনগত অমিল নিচে ব্যাখ্যা করা হলো : সাধারণত সিতনল দীর্ঘ, পাতলা কোষপ্রাচীরযুক্ত ও জীবিত কোষগুলো লম্বালম্বিতাবে একটির উপর একটি পরস্পর সজ্জিত হয়ে সিতনল গঠন করে। অন্যদিকে ভেসেল কোষগুলো খাটো চোঙের ন্যায়। কোষগুলো একটির মাথায় অপরটি সজ্জিত হয়ে এবং প্রান্তীয় প্রাচীর গলে একটি দীর্ঘ নলের ন্যায় অঙ্গ সৃষ্টি করে। সিতনলের প্রান্তীয় প্রাচীর ছিদ্রযুক্ত সিভপ্লেট গঠন করে। সিতনল প্রোটোপ্লাজমের প্রাচীর ঘেষে ফাঁপা জায়গা সৃষ্টি করে যা খাদ্য পরিবহন করে। ভেসেল কোষরসের উর্ধ্বারোহণে একটি সরু পথ সৃষ্টি করে। সিতনলের প্রাচীর লিগনিনযুক্ত। আর ভেসেলের প্রাচীর বিভিন্নরূপে পুরু হয়। পরিণত সিতকোষে কোনো কেম্পিকা থাকে না। অন্যদিকে ভেসেল কোষগুলো প্রাথমিক অবস্থায় প্রোটোপ্লাজমপূর্ণ থাকলেও পরিণত বয়সে এরা মৃত ও প্রোটোপ্লাজমবিহীন।
- ঘ. উদ্দীপকের চিত্র P ফ্লোয়েম টিস্যুর লম্বচ্ছেদের চিত্র। ফ্লোয়েম টিস্যুর উপাদানগুলো সিতনল, সঞ্জীকোষ, ফ্লোয়েম প্যারেনকাইমা ও ফ্লোয়েম তন্তু বা ফ্লোয়েম ফাইবার, স্ক্লেরেনকাইমা কোষ সমন্বয়ে ফ্লোয়েম ফাইবার গঠিত হয়। এগুলো দীর্ঘ কোষ এবং এদের প্রান্তদেশ একটির সাথে অপরটি যুক্ত থাকে। এদের বাস্ট ফাইবার বলে। পাটের আঁশ এক ধরনের বাস্ট ফাইবার। পাটকে বলা হয় সাদা সোনা। পাট ও পাটজাত দ্রব্য বিদেশে রপ্তানি করে বাংলাদেশ প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করে এবং এদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে। সুতরাং উপরের আলোচনা থেকে প্রত্যয়মান হয় উদ্দীপক চিত্র P অর্থাৎ ফ্লোয়েমের বাস্ট ফাইবার আমাদের দেশের জাতীয় আয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

- বুচিতা জানে উদ্ভিদ নিজের খাদ্য নিজে তৈরি করতে পারে এবং প্রাণীরা খাদ্যের জন্য উদ্ভিদের উপর নির্ভরশীল। সেই জন্যই উদ্ভিদকোষ সবুজ রঙের হয়ে থাকে, যেমন— উদ্ভিদের পাতা, কচিকান্ড ইত্যাদি। কিন্তু সে চিন্তায় পড়ে গেল যখন দেখল গাছের ফুল, ফল ও বীজ রঙিন হয়ে থাকে। সে ভাবতে লাগল এবং নিজেকে প্রশ্ন করতে লাগল উদ্ভিদের এ বর্ণহীন বা রঙিন অংশের কোষগুলো কি উদ্ভিদকোষের আওতায় পড়ে না? নাকি এগুলো প্রাণিকোষের মতো।
- ক. প্লাস্টিড কী? ১
- খ. উদ্ভিদের মূল, গাজর, রঙিন ফল, ও বীজে কি প্লাস্টিড নেই? উদ্ভদের স্বপক্ষে যুক্তি দাও। ২
- গ. উদ্দীপকে প্রথমোক্ত বর্ণের জন্য দায়ী অঙ্গাণুর চিহ্নিত চিত্র অঙ্কন কর। ৩
- ঘ. উদ্দীপকে প্রথমোক্ত বর্ণের জন্য দায়ী অঙ্গাণুটির গঠন কণনা কর। ৪

৷৷ ৬নং প্রশ্নের উত্তর ৷৷

- ক. প্লাস্টিড উদ্ভিদকোষের একটি অঙ্গাণু যা খাদ্য প্রস্তুত ও সঞ্চয় করে এবং উদ্ভিদদেহকে বর্ণময় ও আকর্ষণীয় করে পরাগায়নে সাহায্য করে।
- খ. উদ্ভিদের মূল, গাজর, রঙিন ফল, বীজেও প্লাস্টিড থাকে। প্লাস্টিড তিন ধরনের যথা : ক্লোরোপ্লাস্ট, ক্রোমোপ্লাস্ট ও লিউকোপ্লাস্ট। মূলে লিউকোপ্লাস্ট থাকে যা কোনো রঞ্জক পদার্থ ধারণ করে না এবং প্রধানত খাদ্য সঞ্চয়ের কাজ করে। আবার গাজরের মতো রঙিন মূলে ক্রোমোপ্লাস্ট বা বীজে থেকে লিউকোপ্লাস্ট যা পরবর্তীতে পরিবর্তিত হয়ে ক্লোরোপ্লাস্টে পরিণত হয়।
- গ. উদ্দীপকে প্রথমোক্ত বর্ণ অর্থাৎ, সবুজ বর্ণের জন্য দায়ী অঙ্গাণু হলো ক্লোরোপ্লাস্ট। নিচে ক্লোরোপ্লাস্টের চিহ্নিত চিত্র অঙ্কন করা হলো :



চিত্র : প্লাস্টিড (ক্লোরোপ্লাস্ট)

- ঘ. উদ্দীপকের প্রথমোক্ত বর্ণের জন্য দায়ী অঙ্গাণুটি হলো ক্লোরোপ্লাস্ট। ক্লোরোপ্লাস্ট দু'স্তর বিশিষ্ট। বাইরের দিকে স্তরটিকে বলা হয় বাহিঃস্তর ও ভেতরের দিকের স্তরকে বলে অন্তঃস্তর। ক্লোরোপ্লাস্টে গ্রানাম চাকতি নামক এক প্রকার স্তরীভূত অঙ্গ থাকে। গ্রানা সংখ্যায় একাধিক এবং এরা পরস্পর গ্রানাম ল্যামেলি নামক নালিকা দিয়ে সংযুক্ত। গ্রানামে ৫-২৫টি গ্রানাম চাকতি থাকে। গ্রানাম চাকতির অভ্যন্তরে কুঠুরির মতো অবস্থান আছে, সম্ভবত এই কুঠুরিতে ক্লোরোফিল ও সালোকসংশ্লেষণের অন্যান্য বস্তু অবস্থান করে। এছাড়া এতে ক্যারোটিনয়েড নামক রঞ্জকও থাকে। ঝিল্লি দ্বারা আবৃত পানিগ্রাহী ম্যাট্রিক্স বিদ্যমান।

